
# তীত, আঞ্চলিক উপাসক মন্ডলীগুলির একজন অধ্যক্ষ ছিলেন

আঞ্চলিক অধ্যক্ষদের নিযুক্ত করুন, যারা নতুন পালগুলির জন্য নতুন নেতাদের ব্যবস্থা করেন।

যারা ছোটদের শিক্ষাদে তাদের উচিত R1b অধ্যায়ণ পাঠ করা।

১. **প্রার্থনা এবং ঈশ্বরের বাক্য সহকারে আপনার হৃদয়কে প্রস্তুত করুন।**

একজন আঞ্চলিক অধ্যক্ষ কি করেন তা জানতে অনুগ্রহ করে তীতকে লেখা পৌলের পত্রটি পড়ুন।



- কেন আমাদের আঞ্চলিক অধ্যক্ষের প্রয়োজন আছে? (অধ্যক্ষ এই শব্দটির জন্য আমরা ''বিশপ'' অথবা অন্য কোনও কার্যকারী শব্দ ব্যবহার করতে পারি)।

(নতুন পালের এমন একজন কাউকে দরকার যিনি, তীত যা করেছিলেন, তা তাদের জন্য করবেন। অর্থাৎ তাদের হয়ে তিনি নতুন পালকদের তৈরী করবেন এবং তাদের তালিকা বানাবেন। নতুন উপাসক মন্ডলী সাধারণ অর্থে এই কাজ করার পক্ষে যথেষ্ট পরিপক্ক নয়। পৌল তীত এবং তীমথিয়কে লেখা তাঁর পত্রের দ্বারা পালকদের এবং অধ্যক্ষদের চারিত্রিক গুনাবলী এবং কর্তব্য সম্বন্ধে বর্ণনা করছেন।অবশ্য আন্তিয়খিয়ার মত আরও বেশি পরিপক্ক পালগুলি নিজেরাই তাদের জন্য পালক নিযুক্ত করতে পারে।( প্রেরিত ১৩ঃ১-৩)

**তীত ১ঃ১-৩ অংশ অন্বেষণ করুনঃ**

- প্রভু যীশুর কাছে পৌলের অবস্থানটি যা ছিল।
- ঈশ্বর পৌলের প্রতি যা অর্পন করেছিলেন।

**তীত ১ঃ৪-৫ অংশে অন্বেষণ করুনঃ**

- পৌলের সাথে তীতের সম্পর্ক।
- পৌল যে কারণে তীতকে ক্রীতীতে রেখে এসেছিলেন।
- পৌল স্থানীয় সমন্বয়সাধনকারী আঞ্চলিক তীতকে, ক্রীতীর নতুন উপাসক মন্ডলীগুলির জন্য কি করতে বলেছিলেন?

''আত্মিক পুত্র'' তীতের সাথে তাঁর সাহচর্যকে পৌল কতটা মূল্যবান বলে মনে করেছিলেন তা **২ করিন্থীয় ২ঃ১২-১৩ অংশ অন্বেষণ করুন।**

**২ করিন্থ্রীয় ৭ঃ৫-৭ অংশ অন্বেষণ করুনঃ**

- তীত সম্পর্কে অন্যান্য লোকেরা কি ভেবেছিল।
- তীত যখন তাঁর সাথে ছিল, তখন পৌল যে সমস্থ কিছু সহ্য করতে প্রস্তুত ছিলেন।

নতুন পালকদের (প্রাচীনদের) কি গুনাবলী থাকার প্রয়োজন ছিল তা **তীত ১ঃ৬-৯ অংশে অন্বেষণ করুন।**

- একজন অক্ষ্যক্ষের পরিবার কি রূপ হওয়া প্রয়োজন।
- একজন অধ্যক্ষের চরিত্র কেমন হওয়া প্রয়োজন।

প্রাচীনরা যে সমস্ত সমস্যাগুলিকে সংশোধন করতে সমর্থ থাকবেন তা **তীত ১ঃ১০-১৬ অংশে অন্বেষণ করুন।**

পৌল তীতকে বলেছিলেন যে, কিছু বিষয় অসম্পূর্ণ রয়ে গেছে।(তীত ১ঃ৫)

যে সমস্ত বিষয়গুলি সরাসরি বর্জন করতে হবে তা **তীত ২ঃ১-১০ অংশ অন্বেষণ করুন।**

- বয়স্ক ব্যক্তিদের কি করতে বলার বিষয় নির্দেশ দিতে তীতকে বলা হয়েছিলেন?
- প্রাচীনদের?
- যুবকদের?
- দাসদের ?

- রোমীয় আইনে বলা হয়েছিল যে, দাসরা, তাদের প্রভুদের যাদের ''স্বাধীন মানুষ'' বলে অভিহিত করা হত, তাদের সেবা করবে।

একজন আঞ্চলিক অধ্যক্ষকে কত কঠিন ভাবে এই সমস্ত নির্দেশগুলিকে ব্যবহার করতে হবে তা **তীত ২ঃ১৫** অংশ অন্বেষন করুন।

ফিলিপীয় অঞ্চলে কাজ করেছিলেন এমন দুজন সমন্বয়কারীর নাম **ফিলিপীয় ২ঃ১৯-৩০** অংশে অন্বেষণ করুন।

- এই দুজন সমন্বয়কারী কি প্রকারের ব্যাক্তি ছিলেন?
- মন্ডলীগুলির জন্যে তারা পৌলের সাথে কি করেছিলেন?
- তাদের প্রতি পৌলের কতটা আত্ম-বিশ্বাস ছিল?

২. **অন্যান্য আঞ্চলিক উপাসক মন্ডলীগুলির সমন্বয় সাধনের বিষয়ে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

সঠিক কার্য করতে উপযুক্ত ব্যক্তিদের নিরূপনের জন্য ঈশ্বরের কাছে জ্ঞানের জন্য একত্রে প্রার্থনা করুন।

- আপনার উপাসক মন্ডলীরগুলির উপর যিনি অধ্যক্ষ তাঁর সাথে একমত হন। তিনি হতে পারেন ''সেই প্রেরিত'' যিনি সেগুলি আরম্ভ করেছিলেন, অথবা সেই নেতা যিনি উপাসক মন্ডলীগুলির জন্য প্রকৃত চিন্তা ভাবনা করে থাকেন। নতুন নিয়মে এরূপ প্রেরিতরা, অন্যান্য অঞ্চল থেকে এসে নতুন উপাসক মন্ডলী গঠন করত।
- অধ্যক্ষ কি নতুন পালকদের প্রশিক্ষিত করতে সমর্থ? যদি তা না হয় তবে তারা অন্যান্য অধ্যক্ষদের নাম উল্লেখ করবে। যেমন পৌল তীত এবং তীমথিয়র নাম বলেছিলেন।

নতুন অধ্যক্ষরা কি করবেন তা তাদেরকে দেখান।

- পৌল যেরূপ করেছিলেন সেরূপ ভাবে নতুন উপাসক মন্ডলীগুলিকে পরিদর্শন করুন। উৎসাহ দিন এবং পত্র লিখুন।
- তার সাথে একজন শিক্ষানবীশকে রাখুন যে তার কাছ থেকে অন্যদের কাছে পৌছে দেবার জন্য বার্তা জেনে নেবে। (২ তীমথিয় ২ঃ২)।
- যতক্ষন পর্যন্ত না তাদের উপাসক মন্ডলীগুলি নতুন নিয়মের প্রয়োজনীয়, কার্যকলাপগুলি করছে, ততক্ষণ পর্যন্ত পালকদের নতুন প্রাচীনদের শিক্ষা দানের ব্যবস্থা করুন।

যতক্ষন পর্যন্ত তাঁর কার্যকলাপ একটি ছোট অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ থাকছে; ততক্ষন পর্যন্ত একজন প্রেরিত নিজেই আঞ্চলিক সমন্বয়কারী রূপে কাজ করতে পারেন (প্রেরিত ১৪ঃ২১-২৩) যখন তিনি অন্য জায়গায় পরিচর্যার কাজ এর জন্য যেতে প্রস্তুত হবেন, তখন তিনি তার শিক্ষনবীশকে সেই অঞ্চলে ঈশ্বরের কাজকে তত্ত্বাবোধন করার জন্যে ক্ষমতা দান করবেন, (ফিলিপীয় ২ঃ১৯-২৪)।

- যে সমস্ত পালকরা নতুন পালকদের শিক্ষা দেন তাদের জন্য পৌল-তীমথি শিক্ষার পাঠক্রম এবং অন্যান্য উপযুক্ত শিক্ষামালার যথেষ্ট প্রাপ্তির ব্যাপারটি সুনিশ্চিত করুন।
- উপাসক মন্ডলীগুলিকে তাদের কাজকর্মগুলিকে সমন্বয় সাধন করতে সাহায্য করুন।
- যারা বিশ্বস্তভাবে পরিচর্য্যা কাজ করছে। সেই সব শিক্ষনবীশদের জনসমক্ষে নিযুক্ত করনের ব্যাপারটি সুনিশ্চিত করুন।
- জনসম্মুখে তাদের মস্তকের উপর হস্তার্পনের দ্বারা তাদেরকে ক্ষমতায় নিযুক্ত করুন। (২তীমথিয়১ঃ৬, ২ তীমথিয় ৪ঃ১৪)।
- মন্ডলীগুলিকে নির্দেশ দান করুন, তারা যেন তাদের সম্মান প্রর্দশন করে (১ করিন্থীয় ১৬ঃ১০-১১; ফিলিপীয় ২ঃ২৯)।
- যারা পাপ করতে পারে এমন ব্যাক্তি (১ তীমথিয় ৫ঃ২২)।

একজন ''প্রেরিতের'' জন্য, সেই অনুষ্ঠানের ব্যবস্থা করুন যাতে তিনি দেখতে পারেন আঞ্চলিক সমন্বয়কারীগণ কি ভাবে ......

- তাদের উপাসক মন্ডলীগুলির কি প্রয়োজন আছে তা জানার জন্যে নতুন পালকদের সাথে কথা বলছেন।
- তার পালের কতজন সদস্য সদস্যা কাজ শুরু করেছে এবং কতজনের শুরু করা উচিত সেই সংখ্যা বের করছেন।
- সেই সমস্ত ব্যক্তিদের খুঁজে বার করছেন যাদের মধ্যে তীত ১ঃ৬-৯ অংশে বর্ণিত অধ্যক্ষদের বৈশিষ্ট্যগুলি আছে।

৩. **আসন্ন আরাধনার বিষয়ে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

২ করিন্থীয় ২ঃ১২-১৩ এবং ৭ঃ৫-৭ অংশ থেকে তীত সম্বন্ধে বলুন।

তীমথিয় এবং ইপাফ্রদীতের বিষয়ে ফিলিপীয় ২ঃ১৯-৩০ অংশ থেকে বর্ণনা করুন। প্রভু যীশু খ্রীষ্ট, নতুন শিক্ষানবীশ সমন্বয়কারীদের যারা বিশ্বস্ত এবং কার্যকারী, তাদের মাধ্যমে তাঁর পরিচারকদের কি ভাবে আশীর্ব্বাদ যুক্ত করে থাকেন তা ব্যাখ্যা করুন।

**ব্যাখ্যা করুনঃ**

- ১ এবং ২য় ভাগ, থেকে আঞ্চলিক অধ্যক্ষদের প্রয়োজনীয়তা এবং তারা যা করে থাকেন।
- ২য় ভাগ থেকে 'প্রেরিতরা' যা করে থাকেন।

প্রাপ্ত বয়স্কদের জন্য ছোটরা যা কিছু প্রস্তুত করেছে তা তাদেরকে উপস্থাপন করতে দিন।

যাদের কাছ থেকে তারা শিক্ষা করে সেই সমস্ত অধ্যক্ষদের চরিত্র, তাদের মাধ্যমে প্রাপ্ত আশীর্বাদ এবং তাদের উত্তম কাজের বিষয়ে বিশ্বাসীদের সাক্ষ্য দিতে দিন।

প্রভুর ভোজের পরিচিত করণের জন্য গণনাপুস্তক ৯ঃ১-৫ অংশটি পাঠ করুন। বলুন যে কিভাবে ঈশ্বর যাদের দরজার উপরে মেষরক্ত লেপন করে রেখেছিলেন, সেই সমস্ত পরিবারের প্রথমজাত সন্তানদের রক্ষা করেছিলেন, এবং মিশরীয় দাসত্ব থেকে তিনি কি ভাবে বের এনেছিলেন, তা স্মরণ করে ইস্রায়েলীয়রা প্রান্তরে নিস্তার পর্বের মেষ ভোজন করেছিল।

প্রার্থনা পরিকল্পনা সমূহের নিশ্চয়তা প্রদান এবং একে অন্যকে উৎসাহিত করার জন্যে দুই অথবা তিনজনকে নিয়ে ছোট ছোট দল গঠন করুন।

মার্ক ১০ঃ৮২-১৫ অংশটি পাঠ করুন এবং ৪৫ পদটি একত্রে মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net